# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) ড. ভূপেন হাজারিকার চতুর্দশ মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল বিশেষ অনুষ্ঠানের আয়োজন ।

২) উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির একটি সুসংগঠিত রাজনৈতিক মঞ্চ গঠনের পরিকল্পনায় দিল্লীতে উত্তর-পূর্বাঞ্চলের বেশকয়েকজন রাজনৈতিক নেতার আলোচনা ।

৩) জুবিন গার্গের মৃত্যুর ঘটনার তদন্তের জন্য গঠিত বিচারপতি সৌমিত্র শইকিয়ার একজনের বিচারবিভাগীয় কমিশনের দুজন ব্যাক্তির লিখিত তথ্য গ্রহণ ।

এবং

৪) কাছাড় জেলার শিলকুড়িতে ঐতিহ্যবাহী বরম বাবার মেলা আজ থেকে আরম্ভ ।

---

ড: ভূপেন হাজারিকার চতুর্দ্দশ মৃত্যুবার্ষিকী উপলক্ষে রাজ্যের বিভিন্ন প্রান্তের সংগে বরাক উপত্যকার তিন জেলায় ও আগামীকাল বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

কাছাড় জেলায়ও এ উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।আগামীকাল বেলা তিনটেয় শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে ৫ হাজার লোকের মানব শংঙ্খল গঠন করে সুধাকণ্ঠের মানুষ মানুষের জন্য গানটি পরিবেশিত হবে ।অনুষ্ঠানে বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---

শ্রীভূমি জেলায়ও আগামীকাল ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার চর্তুদশ প্রয়ান দিবস যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হবে । এ উপলক্ষ্যে সকাল ১১টায় শ্রীভুমির জেলা ক্রীড়া সংস্থার মাঠে পাঁচ হাজার জন সমাবেশে মানব শৃংখল তৈরী করে সুধাকণ্ঠের অমর সঙ্গীত মানুষ মানুষের জন্য সঙ্গীত পরিবেশন করা হবে । এই কার্য্যসূচীতে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সাংস্কৃতিক সংগঠনের কর্মকর্তা , এন সি সি , পঞ্চায়েত প্রতিনিধি , স্বেচ্ছাসেবী সংগঠন সহ সমাজের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহন করবেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আগামীকাল ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার মৃত্যু বার্ষিকীতে জেলা ক্রীড়া সংস্থার মাঠে মানব বন্ধন গড়ে তোলা হবে । এই মানব শৃংখলে সুধাকণ্ঠের কালজয়ী মানুষ মানুষের জন্য সঙ্গীতটি পরিবেশন করা হবে । এতে রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । জেলা আয়ুক্ত অভিষেক জৈন ইতিমধ্যে প্রস্তুতি পর্ব খতিয়ে দেখে জানান যে মানব বন্ধনে প্রায় পাঁচ হাজার লোক অংশ নেবেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগেও আগামীকাল ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার প্রয়ান দিবস বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হবে । জেলা আয়ুক্ত মুনিন্দ্র নাথ নাগাতে জানিয়েছেন যে হাফলং-এর লাল ফিল্ডে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী নন্দিতা গারলোসা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া মানব শৃংখল গঠন করে সুধাকণ্ঠের মানুষ মানুষের জন্য সঙ্গীত পরিবেশন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বের রাজ্যগুলির  একটি সংগঠিত রাজনৈতিক মঞ্চ গঠনের পরিকল্পনার জন্য আজ নতুন দিল্লীর কনষ্টিটিউশন ক্লাবে উত্তরপূর্বাঞ্চলের বেশ কয়েকজন রাজনৈতিক নেতা এক সাংবাদিক সম্মেলনে মিলিত হন । এই সাংবাদিক সম্মেলনে মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা উত্তরপূর্বাঞ্চলের শক্তিশালী ভবিষ্যতের জন্য এক হয়ে এগিয়ে যাওয়ার কথা বিবেচনা করা হচ্ছে বলে উল্লেখ করেন । তিনি আঞ্চলিক , রাজনৈতিক একতা শক্তিশালী  করার প্রয়াস  করা হয়েছে বলে জানান । সম্মেলনে ত্রিপুরার টিপরা মোথার অধ্যক্ষ প্রদ্যুৎ বিক্রম মানিক্য দেববার্মা উত্তরপূর্বাঞ্চলের সব রাজনৈতিক শক্তি এক হয়ে সমস্যাগুলি উপস্থাপন করলে ফলপ্রসূ হবে বলে  মত প্রকাশ করেন এবং আজকের এই বৈঠক এই ক্ষেত্রে সূচণা বলে তিনি মন্তব্য করেন । উত্তর-পূর্বাঞ্চলের সমস্যাগুলি নতুনদিল্লীতে ফলপ্রসূভাবে উত্থাপন করার জন্য পরিকল্পিত কার্যসূচীর  ওপর ও তিনি গুরুত্ব আরোপ করেন । আজকের  এই আলোচনায় নাগাল্যান্ডের প্রাক্তন মন্ত্রী

এম কিকন , আসামের ডিমা হাসাও  জেলার পিপলস পার্টি অব আসামের নেতা ডেনিয়েল লাংথাসা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

সংগীত শিল্পী জুবিন গার্গের সিংগাপুরে মৃত্যুর ঘটনার তদন্তের জন্য গঠিত বিচারপতি সৌমিত্র  শইকীয়ার একজনের বিচারবিভাগীয় কমিশন আজ দ্বিতীয় দিন দুজন ব্যাক্তির লিখিত তথ্য গ্রহণ করে । গৌহাটী চানমারির খাদী ও গ্রামোদ্যোগ বিভাগ প্রাংগনে এই কমিশনের সাক্ষ্য গ্রহনের ব্যবস্থা করা হয়েছে । প্রাক্তন কংগ্রেস নেতা দুলু আহমেদ ও ব্যবসায়ী তথা চলচ্চিত্র প্রযোজক লুইত কুমার বর্মন  আজ জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে লিখিত তথ্য শপথনামা হিসেবে কমিশনকে প্রদান করে । উল্লেখ্য প্রাক্তন কংগ্রেস নেতা দুলু আহমেদ শিল্পীর ঘটনা সম্পর্কে সিংগাপুরে গিয়ে এজাহার দাখিল করেছিলেন । উল্লেখ্য  কমিশন আগামী ২১ শে নভেম্বর সকাল সাড়ে দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত সাক্ষ্য গ্রহণ করবে ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার শীতকালীন অধিবেশন আগামী ২৫ শে নভেম্বর থেকে দিসপুরে শুরু হবে । এই অধিবেশন আগামী ২৯ শে নভেম্বর পর্যন্ত চলবে । অধিবেশনে মোট ৫ টি বৈঠক বসবে  । অধিবেশনের প্রথম দিন দেহাবসান হোয়া প্রাক্তন সদস্য ও রাজ্য তথা দেশের বিশিষ্ট ব্যাক্তিদের স্মৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে । ঐদিন অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী শীতকালীন অধিবেশনের জন্য কার্যসূচী উপদেষ্টা সমিতির প্রতিবেদন দাখিল করবেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে আসাম মন্ত্রীসভার গ্রহণ করা সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৩ সালে নেলীতে সংগঠিত গণহত্যার তদন্ত করা ত্রিভূবন প্রসাদ তিওয়ারী কমিশনের প্রতিবেদন এবার অধিবেশনে দাখিল করা হবে । এছাড়া শিল্পী জুবিন গার্গের মৃত্যুর প্রসংগ , ছয় জনগোষ্ঠীর জনজাতিকরণ ও সাংসদ গৌরব গগৈ ও তার পরিবারের পাকিস্তান সংযোগ সম্পর্কিত  বিষয় নিয়ে আলোচনা এবারের অধিবেশনে গুরুত্ব লাভ করার সম্ভাবনা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রসার ভারতী সাংস্কৃতিক মন্ত্রণালয়ের সহযোগীতায় সমগ্র দেশের ২৪ টি কেন্দ্রে আকাশবাণী সঙ্গীত সম্মেলনের ৬৭ তম পর্বের আয়োজন করেছে । তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জানিয়েছে যে ১৯৫৪ সালে আরম্ভ করা আকাশবাণীর সঙ্গীত সম্মেলন দেশের সাংস্কৃতিক পরম্পরার প্রতীক । এই সম্মেলন দেশের সমৃদ্ধ সঙ্গীত ঐতিহ্যের সংরক্ষণ , প্রসার ও জনপ্রিয়তার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে । প্রসার ভারতীর মূখ্য কার্যবাহী আধিকারিক গৌরব দ্বিবেদী বলেন যে কোভিড-১৯ মহামারীর

জন্য কয়েক বছর এই সঙ্গীত সম্মেলন বন্ধ রাখার পর এবার নতুন ভাবে আয়োজন করা হয়েছে । আগামী ২৯ শে নভেম্বর পর্যন্ত অনুষ্ঠেয় এই সম্মেলনের জন্য এবার প্রতিটি কেন্দ্রে দুটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এরমধ্যে ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত এবং লোকসঙ্গীত রয়েছে । শিলং ও পানাজীতে বিশেষভাবে পাশ্চাত্য সঙ্গীতের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার শিলকুড়ির বরম বাবার পূজা ও মেলা আজ থেকে শুরু হয়েছে । ভারত সেবাশ্রম সংঘের শিলচর শাখার প্রধান গুনসিন্ধু মহারাজ আজ মেলার উদ্বোধন করেন । পাশাপাশি রাজ্যের শ্রমমন্ত্রী রূপেশ গোয়ালা মন্দির প্রাঙ্গনে নবনির্মিত জগন্নাথ কমিউনিটি হলেরও উদ্বোধন করেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী গোয়ালা বলেন যে মূখ্যমন্ত্রীর নির্দেশে আগামী পাঁচ মাসের মধ্যে রাজ্যের সব কমিউনিটি হলের নির্মান কাজ শেষ করা হবে । কমিউনিটি হলগুলিতে শুধু সামাজিক কার্যসূচী নয় , বিভিন্ন দক্ষতা বিকাশের প্রশিক্ষন কর্মসূচীও অনুষ্ঠিত হবে বলেও তিনি উল্লেখ করেন । -------

বাইট

আজকের উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই , দুই সাংসদ পরিমল শুক্লবৈদ্য ও কনাদ পুরকায়স্থ , জেলা আয়ুক্ত মৃদুল যাদব ও প্রবীন পুলিশ সুপার পার্থ প্রতিম দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

দক্ষিণ শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে মূখ্যমন্ত্রীর উন্নত পাকা সড়ক নির্মান যোজনার অধীনে উজানডি বাজার ও জনতা এক্সটেনডেড হাইস্কুলের পাশে দুটি বক্স কালভার্ট নির্মানের জন্য লঙ্গাই চান্দখানি সড়কে ১০টন পর্য্যন্ত ওজনের সবধরনের ভারী যান চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে লঙ্গাই চান্দখানি সড়কে হালকা যানবাহনকে পাশের সাবওয়ে দিয়ে চলাচল করার পরামর্শ দেওয়া হয়েছে । পুনরাদেশ না দেওয়া পর্য্যন্ত এই সড়ক বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল ৬৮ তম পুরুষ এবং ৪৮ তম মহিলা অল ইন্ডিয়া ইন্টার রেলওয়ে বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ ২০২৫ এর আয়োজন করেছে । গতকাল চ্যাম্পিয়নশিপের উদ্বোধনী অনুষ্ঠানে উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব উপস্থিত ছিলেন । এবছরের চ্যাম্পিয়নশিপে মোট ২০ টি পুরুষ দল এবং ১৪ টি মহিলা দল অংশগ্রহণ করছে । পুরুষদের চ্যাম্পিয়নশিপ তিন থেকে ১০ নভেম্বর পর্যন্ত মহিলাদের চ্যাম্পিয়নশিপ ৬ থেকে ১১ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে । উল্লেখ্য অল ইন্ডিয়া ইন্টার রেলওয়ে বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ ভারতীয় রেলের ক্রীড়া ক্যালেন্ডারে মর্যাদাপূর্ণ ও প্রতীক্ষিত একটি ইভেন্ট যা প্রতিভাবান বাস্কেটবল খেলোয়াড়দের শণাক্তকরণ এবং এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে একটি মঞ্চ হিসেবে কাজ করে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল ৬৮ তম পুরুষ এবং ৪৮ তম মহিলা অল ইন্ডিয়া ইন্টার রেলওয়ে বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ ২০২৫ এর আয়োজন করেছে । গতকাল চ্যাম্পিয়নশিপের উদ্বোধনী অনুষ্ঠানে উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব উপস্থিত ছিলেন । এবছরের চ্যাম্পিয়নশিপে মোট ২০ টি পুরুষ দল এবং ১৪ টি মহিলা দল অংশগ্রহণ করছে । পুরুষদের চ্যাম্পিয়নশিপ তিন থেকে ১০ নভেম্বর পর্যন্ত মহিলাদের চ্যাম্পিয়নশিপ ৬ থেকে ১১ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে । উল্লেখ্য অল ইন্ডিয়া ইন্টার রেলওয়ে বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ ভারতীয় রেলের ক্রীড়া ক্যালেন্ডারে মর্যাদাপূর্ণ ও প্রতীক্ষিত একটি ইভেন্ট যা প্রতিভাবান বাস্কেটবল খেলোয়াড়দের শণাক্তকরণ এবং এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে একটি মঞ্চ হিসেবে কাজ করে ।

--------------------------------------------------------------------------------------

শিলচর স্পোর্টিং ক্লাবের নতুন জার্সির আজ উন্মোচন করা হয়েছে । ক্লাবের মাঠে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে খেলোয়াড়দের হাতে নতুন জার্সি তুলে দেওয়া হয় । ক্লাবের সভাপতি ডক্টর অনুপ কুমার রায়ের পৌরহিত্যে আয়োজিত সভায় সাধারন সম্পাদক সিদ্ধার্থ খান , সহ-সভাপতি নির্মল দাস , ফুটবল সচিব অনিমেষ চন্দ প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------